

কাকদ্বীপ

খোড়ো - ঘরে রেখে যাচ্ছে --- বউ
ক'টি আদুল ছেলে মেয়ে
রেখে যাচ্ছে - থালা বাসন ঘর গেরস্থালি,
আবার ফিরতে তো সব সেই পক্ষকাল!

ট্রলারে বরফ আছে। তোলা হচ্ছে --- কাছি,
রুপালি ইলিশ - ধরা নাইলনের জাল,
নিজেদের রসদ, মায় তেষ্ঠার জল।
হাঁকাহাঁকি চোঁচামেচি ...
জোয়ারের নোনা জল জেগে ওঠে ত্রমে
এখনই ছাড়বে ঘাট জেলে এবং মাঝি।

পিছনে --- আঁশটে গন্ধু দাদনের ঢাকা,
অভাবের হিস্যা, হাঁড়িয়ার হাঁড়ি,....
সমুদ্র ডেকেছে আজ সব পড়ে থাক।

উথানপদ বিজলী

